গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
দেবীগঞ্জ পঞ্চগড়।

## সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ২৪/১২/২৫ খ্রী: সময়: সকাল ০২.০০ ঘটিকা। |
| সভাপতি | : | জনাব মোঃ মাহমুদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| সভার স্থান | : | উপজেলা কনফারেন্স রুম । |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

২. **উপস্থাপনা ও আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, সমাজসেবা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় বিগত ২৪/১২/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.১ সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় হতে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্তা, প্রতিবন্ধী ভাতাসহ সমাজসেবা অধিদপ্তর কতৃক প্রদানকৃত সকল ভাতা যথানিয়মে প্রদান করা হচ্ছে, দ্বিতীয় কিস্তির টাকা অল্প কিছুদিনের মধ্যে ভাতাভোগীদের একাউন্টে পৌছে যাবে। মৃত্যুজনিত কারনে কিছু ভাতা আটকানো হয়েছে যা তৃতীয় কিস্তিতে অপেক্ষমাণ তালিকা হতে প্রতিস্থাপন করা হবে। সভাপতি বলেন যে, সামাজিক নিরাপত্তার সকল প্রকার ভাতা প্রদানের পূর্বে যথাযথভাবে যাচাই বাছাই করতে হবে। | সামাজিক নিরাপত্তার সকল প্রকার ভাতা/সুবিধা প্রদানের পূর্বে যথাযথভাবে যাচাই বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য |
| ৩.২ উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সমাজসেবা অধিদপ্তর হতে প্রদানকৃত সকল ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করার কথা বলা হয়েছে। ইতোমধ্যে দেবীগঞ্জ সদর ইউনিয়ন ও দেবীগঞ্জ পৌরসভায় লাইফ ভেরিফিরেশন সম্পন্ন হয়েছে। পর্যায়ক্রমে বাকি ইউনিয়নগুলোর লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে। তাছাড়া অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ভেরিফিকেশনে ভাতাভোগীর নিজের এনআইডি দিয়ে কেনা মোবাইল সিম ও এমএফএস একাউন্ট থাকার নির্দেশনার কথা উত্থাপন করা হয়। | আগামী জুন মাসের মধ্যে দেবীগঞ্জের সকল ইউনিয়নের ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৩.৩ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভিন্ন দপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাভোগী বা সুবিধাভোগীদের ক্ষেত্রে দ্বৈততা পরিলক্ষিত হচ্ছে। | সভাপতি বিভিন্ন দপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাভোগী বা সুবিধাভোগীদের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে দপ্তরগুলোকে সমন্বিতভাবে কাজ করতে বলেন এবং এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য |

CamScanner

| | | |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ৭ জন বীর মুক্তিযোদ্ধা মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতার পাশাপাশি বয়স্ক ভাতা গ্রহণ করছেন যা বয়স্ক ভাতার নীতিমালার লঙ্ঘন। | বয়স্ক ভাতা গ্রহণকারী ৭ জন মুক্তিযোদ্ধার বয়স্ক ভাতা বন্ধ করে ঐ ৭ জনের জায়গায় অপেক্ষমাণ তালিকা হতে বাছাই করে নতুন ৭ জনকে বয়স্ক ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৩.৫ হ্যাকিং বিরোধী প্রচার প্রচারনা বৃদ্ধি | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রাপ্ত সকল প্রকার ভাতাভোগীদের মধ্যে হ্যাকিং বিরোধী প্রচার প্রচারনা বৃদ্ধি ও সচেতনতা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য |

৪। আলোচনা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহমুদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা ব্যবস্থাপনা কমিটি
দেবীগঞ্জ, পঞ্চগড়।

স্মারক নম্বর: ৪১.০১.৭৭৩৪.০৩১.১৮.০৬.২০.৩২৪/১ (৬) তারিখঃ ২৪/১২/২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১) পরিচালক,বিভাগীয় সমাজসেবা কার্যালয়,রংপুর।
২) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পঞ্চগড় ।
৩) উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড় ।
৪) উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড় ।
৫) চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ সকল।
৬) অফিস কপি।

মোঃ আবু রায়হান
উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:)
ও
সদস্য সচিব, সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা
ব্যবস্থাপনা কমিটি
দেবীগঞ্জ, পঞ্চগড়।

CamScanner